



গঙ্গাচড়া উপজেলা শিক্ষা অফিসারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

শিক্ষা সংবাদদাতা, রংপুর ॥ গঙ্গাচড়া উপজেলা শিক্ষা অফিসারের অনিয়ম, দুর্নীতি, খেয়ালচারিতা, ক্ষমতার অপব্যবহারে উপজেলার শিক্ষা ব্যবস্থা যুব যুবড়ী পড়া উপক্রম হয়েছে। জানা গেছে, তিনি সরকারের শিক্ষানীতিকে উৎসাহ করে তার নিজস্ব নীতিতে সব কার্যক্রম পরিচালনা করছেন। দূর চরাঞ্চলের শিক্ষকদের সঙ্গে মাসোহারা ব্যবস্থিতে তাঁদের পরিচালনা করা, নিজ ক্ষমতাবলে মোটা অর্থে বিভিন্ন উৎসের যন্ত্রস্ত বদলি করা ছাড়াও একটি প্রাথমিক বিন্যাসের ব্যবস্থায় পুরনো মাঃ ও ৪টি ফলজ গাছ নামমাত্র মূল্যে বিক্রি করে তা পুতেটি করিয়েছেন বলে উপজেলার প্রাথমিক শিক্ষকরা তাঁর বিরুদ্ধে নানা আন্দোলনে নেমেছেন। ফলে অতীত ও নারিত্র্যপীড়িত গঙ্গাচড়ার চরাঞ্চলের দরিদ্র শিশু-কিশোরীদের শিক্ষা কার্যক্রম শিক্তেয় ওঠার উপক্রম।

নিখিও অভিযোগে এবং সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, উপজেলা শিক্ষা অফিসার আকবর আলী পত বছরের আগেই গঙ্গাচড়ায় বদলি হন। একটি বিশেষ মহলের অসীর্বাদপুষ্টি হয়ে হীনস্বার্থ চরিতার্থ করতে বিভিন্ন শিক্ষকের বিরুদ্ধে কটকৌশলে মেতে ওঠেন। কিছুদিন আগে আইডিএ প্রকল্পের আওতায় ১৪ শিক্ষক-শিক্ষিকা নিয়োগপ্রাপ্ত হয়ে তাঁদের দায়িত্ব পালন করে আসছিলেন। শিক্ষা অফিসার তাঁর ক্ষমতার অপব্যবহার করে ওই প্রকল্পের ৮ শিক্ষক-শিক্ষিকাকে বিভিন্ন বিদ্যালয়ে বদলি করেন। অভিযোগে প্রকাশ, থাকফা জেসমিন নামের এক শিক্ষিকাকে মাত্র মাসখানেকের ব্যবধানে তিনটি বিদ্যালয়ে বদলি করেন, বোকসান নামের এক শিক্ষিকাকে চেংমারী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বদলি করা হয়েছে। অপর উপজেলায় চেংমারী নামের কোন বিন্যাস নেই, তাই এসব খেয়ালচারিতা এবং হঠকারী সিদ্ধান্তের কারণে উপজেলার অনেক প্রাথমিক বিদ্যালয়েই শিক্ষকশূন্য হয়ে পড়েছে।